

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধুর বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠার স্বপ্ন বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বয়স্ক জনগোষ্ঠীকে একটি টেকসই ও সুসংগঠিত সামাজিক নিরাপত্তা কাঠামোর আওতায় আনয়নে সর্বজনীন পেনশন পদ্ধতির প্রবর্তন করেছেন। মাননীয় প্রধানমন্ত্রীর এ উদ্যোগ একটি যুগান্তকারী জনকল্যানমুখী পদক্ষেপ, যা সকল নাগরিকের অবসরকালীন আর্থিক মুক্তির সনদ হিসেবে বিবেচিত হবে। এ ব্যবস্থা কার্যকর হলে আমাদের বয়স্ক জনসাধারণের সামাজিক নিরাপত্তা সুনিশ্চিত হবে।

স্কিমসমূহ:

- (ক) প্রবাস: প্রবাসী বাংলাদেশী নাগরিকদের জন্য।
(খ) প্রগতি: ব্যক্তি মালিকানাধীন/বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের জন্য।
(গ) সুরক্ষা: কৃষক, রিক্সাচালক, শ্রমিক, কামার, কুমার, জেলেসহ স্বকর্মে নিয়োজিত নাগরিকদের জন্য।
(ঘ) সমতা: অতি দরিদ্র নাগরিকদের জন্য, যাদের বার্ষিক আয় ৬০(ষাট) হাজার টাকার কম অথবা মাসিক আয় ০৫(পাঁচ) হাজার টাকার কম।

সরকারের এই মহৎ উদ্যোগকে সাফল্যমন্ডিত করার জন্য উপজেলা প্রশাসন, পবা, রাজশাহীর পক্ষ থেকে আগ্রহী নাগরিকদের 'স্পট রেজিস্ট্রেশন' এর ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

- স্থান: ১) উপজেলা পরিষদ প্রাঙ্গণ, পবা, রাজশাহী
২) উপজেলা ভূমি অফিস প্রাঙ্গণ, পবা, রাজশাহী
৩) ইউনিয়ন ভূমি অফিস প্রাঙ্গণ, পবা, রাজশাহী
৪) ইউনিয়ন ডিজিটাল সেন্টার(সকল), পবা, রাজশাহী

তারিখ: ১৬, ১৭ ও ১৮ এপ্রিল, ২০২৪ খ্রি।

সময়: প্রতিদিন সকাল ০৯.৩০ হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত।

কাগজপত্র সঙ্গে আনতে হবে:

- ১) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
২) আবেদনকারীর ব্যবহৃত মোবাইল ফোন।
৩) ব্যাংক একাউন্টের তথ্য (চেকবই বা পাসবই এর পাতার ফটোকপি)।
৪) নমিনির জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
৫) নমিনির ব্যবহৃত মোবাইল নম্বর।
৬) স্কিম অনুযায়ী প্রথম মাসের চাঁদার (৫০০/১,০০০/২,০০০/৩,০০০/৫,০০০/১০,০০০) টাকা।

সরকারের এই মহৎ উদ্যোগকে সাফল্যমন্ডিত করতে আপনাদের সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

যে কোন প্রয়োজনে: ০১৭১৭ ৪০৬৩৬২

অভিজিত সরকার
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা সর্বজনীন পেনশন স্কিম কমিটি
পবা, রাজশাহী